

# দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ

গাজীপুর-১৭০৩

নথি নং ৫৩.১৮.৩৩০০.০৩৭.০৬.০১৮.১৮

তারিখঃ ২৬-১২-১৮ খ্রি.

## বিষয়ঃ ইনোভেশন টিমের সভা প্রসংগে।

করপোরেশনের অফিস নির্দেশ নং এসপিসিবি/প্রশা:/পার্সো:/০৪/২০১৭-২৪০ তারিখ ১৪/১১/১৭ এর আলোকে গঠিত ইনোভেশন টিম এর একটি সভা অদ্য ২৬/১২/২০১৮ইং তারিখ সকাল ১০:০০টায় ইনোভেশন অফিসার ও মহাব্যবস্থাপক (প্রশাসন) ও ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনাব কামাল আহমেদ, ব্যবস্থাপক (আইটি) ও মোঃ কবির উদ্দিন, সহকারী ব্যবস্থাপক (আইটি) উপস্থিত ছিলেন। ইনোভেশন টিমের বিগত ২২/১০/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সভার পরবর্তী উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় প্রাপ্ত উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ণ/বর্তমান অবস্থা ও করণীয় নিম্নরূপঃ

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করণীয়
নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশনঃ	ই-সার্ভিস বাস্তবায়নের লক্ষ্যে ই-সার্ভিস ডিজাইন, পরিকল্পনার এটুআই কর্তৃক ৬ দিনের কর্মশালা অথবা তার পরিবর্তে সাপ্তাহিক ছুটির দিন করপোরেশনের আজিনায় এটুআই এর রিসোর্স পার্সনদের সহায়তায় ই-সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা সম্পন্ন করার বিষয়টি এটুআই অফিসে যেয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে ত্বরান্বিত করার নির্দেশনা দেয়া হয়।	এটুআই সংশ্লিষ্টদের সাথে আলাপ হয়েছে। তারা জানিয়েছেন যে, করপোরেশনের সেবাসমূহ G2G, G2B, G2E হওয়ায় এবং ডিজাইন ও পরিকল্পনা সম্পন্ন করার কর্মশালাটি নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান/মন্ত্রণালয়ের কয়েকটি দপ্তর/সংস্থাকে একসাথে নিয়ে করা হয় বিধায় আপাততঃ করপোরেশনের সেবাসমূহের বিষয়ে নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান/মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করা যেতে পারে।	করপোরেশনের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সাথে বর্ণিত বিষয়ে যোগাযোগ করা যেতে পারে।
ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রমঃ	ই-ফাইলের জন্য করপোরেশনের বাস্তবে কার্যকর সাংগঠনিক কাঠামো প্রস্তুত করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে। এতদ্বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা যায়।		প্রশাসন বিভাগের পার্সোনেল সার্ভিসেস শাখার মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা যায়।
আইডিয়া ম্যানেজমেন্ট ও ফ্লোআপঃ	সংশ্লিষ্ট টীমকে পিএফ ও অনলাইনের মাধ্যমে নিয়োগের অগ্রগতি সময় সময় ইনোভেশন টীমকে অবহিত করার জন্য অনুরোধ করা যায়।  ইনোভেশন বক্স হতে প্রাপ্ত ২টি ইনোভেশন আইডিয়া পর্যালোচনান্তে নথিভুক্ত করা হয়েছে।	ই-পেনশন সেবার উপর এটুআই কর্তৃক আয়োজিত ৩ দিনের ডিজাইন ওয়াকশপে করপোরেশনের প্রতিনিধি অংশগ্রহণ করেছে।  ইনোভেশন বক্সে ১ টি আইডিয়া পাওয়া গেছে।	ইনোভেশন বক্সে প্রাপ্ত আইডিয়া (প্রস্তাব/সুপারিশ সহকারে) উপস্থাপন করতে হবে।
ট্রেনিং:	প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য এটুআই এর সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করা যেতে পারে।	এটুআই সংশ্লিষ্টদেরকে ইমেইলে এবং ফোনে যোগাযোগ করা হয়েছে। তারা ট্রেনিং এর সময় জানাবেন বলে জানিয়েছেন।	
ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদানঃ		কার্যক্রমাম্বীন ১টি সেবার ব্যয় করপোরেশন কর্তৃক বহন করা হচ্ছে। অপর ২টি সেবার ব্যয়ও করপোরেশন বহন করবে।	
পুরস্কার প্রদানঃ	করপোরেশনে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচিত হওয়া সাপেক্ষে পুরস্কার প্রদানের প্রক্রিয়া গ্রহণ করা হবে।	-	-
পার্টনারশিপ ও নেটওয়ার্কিং:	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর সাথে যোগাযোগ করে তাদের সাথে মতবিনিময়ের সভা করা যেতে পারে।		
সোশ্যাল মিডিয়ার ব্যবহারঃ	করপোরেশনের জন্য সামাজিক মাধ্যম ফেসবুক পেইজ <a href="http://www.facebook.com/spcbl.gazipur">www.facebook.com/spcbl.gazipur</a> বন্ধ হয়ে যাওয়ায় এর		-

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করনীয়
	পরিবর্তে <a href="http://www.facebook.com/Takshal">www.facebook.com/Takshal</a> ফেসবুক পেইজ খোলা হয়েছে।		
<b>প্রকাশনা ও ডকুমেন্টেশনঃ</b>	বর্তমান সভার কার্যবিবরণীর তথ্যাদি ওয়েব সাইটে প্রকাশ করা যেতে পারে।	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	

উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ইনোভেশন টিমের কার্যপরিধির ৪.৩ অনুযায়ী পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইনোভেশন টিমের পরবর্তী মাসিক সভায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নজরুল ইসলাম)  
ইনোভেশন অফিসার ও  
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও  
ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত)